# প্রেস বিজ্ঞপ্তি

## জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ

## বিভিন্ন অপরাধে ৪৫টি প্রতিষ্ঠানকে ৩.৯১ লক্ষ টাকা জরিমানা

**১৪ ডিসেম্বর ২০১৬ খ্রি:**

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের প্রধান কার্যালয়, ঢাকা বিভাগীয় কার্যালয়, বিভিন্ন বিভাগ ও জেলা কার্যালয়ের ১৭ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, সুনামগঞ্জ, কুড়িগ্রাম, নড়াইল, কুষ্টিয়া, ঠাকুরগাঁও, মানিকগঞ্জ, রংপুর, চাঁদপুর, সিলেট, পিরোজপুর, খুলনা, নাটোর, হবিগঞ্জ ও পটুয়াখালীতে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রিনা বেগমের নেতৃত্বে ঢাকা মহানগরীর ধানমন্ডি এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে Checrs Restaurant, Indian Thai and Chinese কে **৫০,০০০/- (পঞ্চাশ হাজার)** টাকা ও অভিযোগের ভিত্তিতে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে American Barger কে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকাসহ মোট **৫৫,০০০/- (পঞ্চান্ন হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১,২৫০/- (এক হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক ইফতেখারুল আলম রিজভী কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর মুগদা ও মতিঝিল এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে কাজী লিটন রেস্টুরেন্ট, শ্রী চিত্ত চন্দ্র দাস রেস্টুরেন্ট, বাসমতি হোটেল এন্ড রেস্টুরেন্ট ও ভাই ভাই হোটেল এন্ড রেস্টুরেন্টকে যথাক্রমে **২৫,০০০/- (পঁচিশ হাজার)** টাকা, **২০,০০০/- (বিশ হাজার)** টাকা, **২৫,০০০/- (পঁচিশ হাজার)** টাকা ও **২০,০০০/- (বিশ হাজার)** টাকাসহ মোট **৯০,০০০/- (নব্বই হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

সুনামগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ জাহাঙ্গীর আলমের নেতৃত্বে সুনামগঞ্জের ছাতক উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১৭,৫০০/- (সতের হাজার পাঁচশত)** টাকা, কুড়িগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শেখ সাদীর নেতৃত্বে কুড়িগ্রামের উলিপুর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১১,০০০/- (এগার হাজার)** টাকা, নড়াইল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডলের নেতৃত্বে নড়াইল সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৬,৫০০/- (ছয় হাজার পাঁচশত)** টাকা, কুষ্টিয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সেলিমুজ্জামানের নেতৃত্বে কুষ্টিয়া সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **২৫,০০০/- (পঁচিশ হাজার)** টাকা, ঠাকুরগাঁও জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ হাসান আল মারুফের নেতৃত্বে ঠাকুরগাঁও এর রাণীশংকৈল উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১৫,০০০/- (পনের হাজার)** টাকা, মানিকগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মাগফুর রহমানের নেতৃত্বে মানিকগঞ্জের সিঙ্গাইর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা, রংপুর বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মমতাজ বেগমের নেতৃত্বে রংপুর সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১৮,০০০/- (আঠারো হাজার)** টাকা, চাঁদপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবাশীষ রায়ের নেতৃত্বে চাঁদপুরের হাজীগঞ্জ উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **১,৫০০/- (এক হাজার পাঁচশত)** টাকা, সিলেট বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ ফয়েজ উল্লাহ এর নেতৃত্বে সিলেট মহানগরের কোতয়ালী থানা এলাকায় **২টি** প্রতিষ্ঠানকে **৫০,০০০/- (পঞ্চাশ হাজার)** টাকা, পিরোজপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শাহ শোয়াইব মিয়ার নেতৃত্বে পিরোজপুর সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৪,৫০০/- (চার হাজার পাঁচশত)** টাকা, খুলনা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ মামুনুল হাসানের নেতৃত্বে খুলনা সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **২১,০০০/- (একুশ হাজার)** টাকা, খুলনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শিকদার শাহীনুর আলমের নেতৃত্বে খুলনার লবণচোরা থানা এলাকায় **১টি** প্রতিষ্ঠানকে **৪০,০০০/- (চল্লিশ হাজার)** টাকা, নাটোর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক ফারুক আহমেদের নেতৃত্বে নাটোরের নলডাঙ্গা উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, হবিগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ সেলিমের নেতৃত্বে হবিগঞ্জ সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **১২,০০০/- (বার হাজার)** টাকা এবং পটুয়াখালী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আল-আমিনের নেতৃত্বে পটুয়াখালীর কলাপাড়া উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **৪,০০০/- (চার হাজার)** টাকাসহ মোট **২,৪১,০০০/- (দুই লক্ষ একচল্লিশ হাজার)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, অবহেলা ইত্যাদি দ্বারা সেবা গ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানো, ওজনে কারচুপি, ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক আতিয়া সুলতানা কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে ডিংগি বোর্ড ক্লার এন্ড ক্যাফেকে **২,০০০/- (দুই হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৫০০/- (পাঁচশত)** টাকা প্রদান করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনী কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে মাস্টার সেফকে **৩,০০০/- (তিন হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৭৫০/- (সাতশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

আজকের **১৭টি** বাজার তদারকি ও **৩টি** অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **৪৫টি** প্রতিষ্ঠানকে মোট **৩,৯১,০০০/- (তিন লক্ষ একানব্বই হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে **৩ জন** অভিযোগকারীকে মং **২,৫০০/- (দুই হাজার পাঁচশত)** টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন ও জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, শিল্প ও বণিক সমিতির প্রতিনিধি, মৎস্য কর্মকর্তা, সিভিল সার্জন, প্রাণী সম্পদ কর্মকর্তা, স্যানেটারী ইন্সপেক্টর, ঢাকা সিটি কর্পোরেশনের প্রতিনিধি এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-
(ইফতেখারুল আলম রিজভী)
সহকারী পরিচালক (প্রশাসন)

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‌্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, রংপুর ও সিলেট মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা, সুনামগঞ্জ, কুড়িগ্রাম, নড়াইল, কুষ্টিয়া, ঠাকুরগাঁও, মানিকগঞ্জ, রংপুর, চাঁদপুর, সিলেট, পিরোজপুর, খুলনা, নাটোর, হবিগঞ্জ ও পটুয়াখালী।
৭। পুলিশ সুপার, ঢাকা, সুনামগঞ্জ, কুড়িগ্রাম, নড়াইল, কুষ্টিয়া, ঠাকুরগাঁও, মানিকগঞ্জ, রংপুর, চাঁদপুর, সিলেট, পিরোজপুর, খুলনা, নাটোর, হবিগঞ্জ ও পটুয়াখালী।
৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।